



বাৎসরিক বাজেট
২০১৭-১৮

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

অর্থ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগের ওয়েবসাইট: www.mof.gov.bd

মঞ্জুরি নং - ১০

১৩ - অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১৭-১৮	প্রক্ষেপণ	
		২০১৮-১৯	২০১৯-২০
অনুময়ন	১০৯৪৪,৩১,০০	১১৯৮৩,৮৪,০০	১৩১২২,১০,০০
উন্নয়ন	৩৬,৬৯,০০	৪০,৩৬,০০	৪৪,৩৯,০০
মোট	১০৯৮১,০০,০০	১২০২৪,২০,০০	১৩১৬৬,৪৯,০০
রাজস্ব	২০২৯,৪৫,০২	২২১৪,৩৭,৪৯	২৪২২,৫৪,৪৪
মূলধন	৮৯৫১,৫৪,৯৮	৯৮০৯,৮২,৫২	১০৭৪৩,৯৪,৫৬
মোট	১০৯৮১,০০,০০	১২০২৪,২০,০১	১৩১৬৬,৪৯,০০

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

দ্বি-পাক্ষিক এবং বহু-পাক্ষিক কূটনৈতিক সম্পর্ক জোরদারকরণের মাধ্যমে বহিঃসম্পদ সংগ্রহপূর্বক সরকারের উন্নয়ন পরিকল্পনা কর্মসূচিকে সহায়তা করে জাতীয় উন্নয়ন অরাস্থিতকরণ।

১.২ প্রধান কার্যাবলি

- ১.২.১. বৈদেশিক সম্পদ সংগ্রহের সম্ভাব্যতা যাচাই এবং বৈদেশিক সম্পদ আহরণ, সমঝোতাকরণ, পর্যালোচনা ও পরিবীক্ষণ এবং সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে বৈদেশিক সম্পদ বরাদ্দকরণ;
- ১.২.২. বৈদেশিক ঋণ পরিশোধ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম (debt servicing)-এর হিসাব পরিচালনা ও বৈদেশিক ঋণ সংক্রান্ত সকল তথ্যাবলি বিশ্লেষণসহ (debt profiling) সার্বিক বৈদেশিক ঋণ ব্যবস্থাপনা;
- ১.২.৩. বাংলাদেশ ডেভেলপমেন্ট ফোরাম (বিডিএফ)-এর সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন ও পরিবীক্ষণসহ বিশ্বব্যাংক, এডিবি, আইডিবি এবং অন্যান্য দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক উন্নয়ন সহযোগীদের সঙ্গে নিয়মিত সভা আয়োজন ও গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন ও পরিবীক্ষণ;
- ১.২.৪. আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা/এজেন্সীর সঙ্গে অর্থনৈতিক সম্পর্কের উন্নয়ন অব্যাহত রাখা;
- ১.২.৫. সকল প্রকার অর্থনৈতিক ও কারিগরি সহায়তা সংক্রান্ত আন্তর্জাতিক চুক্তি সম্পাদনঃ যৌথ কমিশন (জেসি), যৌথ অর্থনৈতিক কমিশন (জেইসি), সভা আয়োজনের মাধ্যমে বিভিন্ন দ্বি-পাক্ষিক ও বহু-পাক্ষিক আর্থিক ও কারিগরি সহায়তামূলক চুক্তি সম্পাদন;
- ১.২.৬. বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহের ইকনমিক উইং পরিচালনা এবং এ লক্ষ্যে সহায়ক কর্মকর্তা-কর্মচারি পদায়ন;
- ১.২.৭. বিভিন্ন ফোরামে উন্নত ও উন্নয়নশীল দেশসমূহের মধ্যে এবং উন্নয়নশীল দেশসমূহের নিজেদের মধ্যে আর্থিক ও কারিগরি সহায়তার আর্থিক খাত উন্নয়ন, সম্পদ বন্টন, বৈদেশিক ঋণ ব্যবস্থাপনা কৌশল বিনিময় ইত্যাদি বিষয়ে ভূমিকা পালন;
- ১.২.৮. উন্নয়ন সহযোগীদের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে বৈদেশিক সহায়তার সঞ্চার সাধন এবং এর কার্যকর ব্যবহারের উদ্যোগ গ্রহণ।

